# চট্টগ্রাম বোর্ড-২০১৬

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ৭ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. জনাব মাহি স্থানীয় যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ শেষে ৫০,০০০ টাকা পুঁজি নিয়ে নিজেদের পুকুরে মাছ চাষ শুরু করেন। তার সংগৃহীত উন্নত জাতের তেলাপিয়া মাছের পোনা অল্প কিছুদিনের মধ্যে বিক্রয়যোগ্য হয়ে উঠে। বাজারে ক্রেতারা যাতে নিজের পছন্দমতো মাছ ক্রয় করতে পারে এজন্য জনাব মাহি দীর্ঘ সময় সতেজ রাখার জন্য মাছগুলো সংরক্ষণ করেন। এতে তার মাছের চাহিদা বৃদ্ধি পেতে থাকে। অর্থস্বল্পতার কারণে এ বাড়তি চাহিদা মিটানো তার পক্ষে সম্ভবপর হয়ে উঠে না।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. সামাজিক ব্যবসায় বলতে কী বোঝায়? ২

গ. মাহি কোন ধরনের শিল্পের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩

ঘ. ক্রেতাদের বাড়তি চাহিদা পূরণে মাহির করণীয় কী? যুক্তি দাও। ৪

২. করিম স্থানীয়ভাবে সবজি সংগ্রহ ও বাছাই করে সরাসরি ভোক্তাদের নিকট সরবরাহ করে। অল্পদিনের মধ্যেই সে ভোক্তাদের দৃষ্টি আকর্ষণ করে এবং ব্যবসায় সফলতা আসে। ব্যবসায় সম্প্রসারণের জন্য সে প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের শর্তে বন্ধু রহিম থেকে ৩০,০০০ টাকা সংগ্রহ করে।

ক. শিল্প কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত করিমের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'করিমের ব্যবসায়িক সফলতা তার ব্যবসায়িক কৌশলগুলোর ফল'— যুক্তিসহ বর্ণনা করো। ৪

৩. সামিন, মাসুম, শফিক তিনজন মিলে একটি গার্মেন্টস গড়ে তোলেন। পরবর্তীতে টেক্সটাইল ইঞ্জিনিয়ার জাহিদকে তার দক্ষতা ও অভিজ্ঞতার কারণে মূলধন ব্যতীত প্রতিষ্ঠানের অংশীদার করে নেন। সামিন, মাসুম ও জাহিদ ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন, কিন্তু শফিক অংশ গ্রহণ করে নি। বছর শেষে শফিক অন্যদের সমান মুনাফা দাবি করে।

ক. সীমাবদ্ধ অংশীদারি ব্যবসায় কী? ১

খ. নাবালক কি অংশীদার হতে পারে? ব্যাখ্যা করো। ২

গ. জাহিদ কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে শফিকের মুনাফার দাবি কি যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

৪. মি. হোসেন তার ২৫ জন বন্ধু নিয়ে ২০১২ সালের একটি টেক্সটাইল মিল স্থাপন করেন। ভোক্তাদের রুচি এবং প্রত্যাশা অনুযায়ী প্রতিষ্ঠানটি মানসম্মত পণ্য

http://teachingbd.com

উৎপাদন করে আসছে। তাদের দক্ষ ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানটি ২০১৪ সালে ৩০% স্টক ও ২০% নগদ লভ্যাংশ ঘোষণা করে। ২০১৬ সালে তারা কারখানা সম্প্রসারণের চিন্তা করছে।

ক. পরিমেল নিয়মাবলি কী? ১

খ. রাইট শেয়ার কখন প্রদান করা হয়? ২

গ. উদ্দীপকের ব্যবসায় সংগঠনটি কোন প্রকৃতির? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় সম্প্রসারণের জন্য প্রতিষ্ঠানটি কোন উৎস হতে অর্থসংস্থান করা যুক্তিযুক্ত বলে তুমি মনে করো? ৪

৫. ঢাকায় ২৫ জন জুতা প্রস্তুতকারী কারখানার মালিক একত্রিত হয়ে আইনগত সত্তাবিশিষ্ট একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটি গত তিন বছর যাবত যথাক্রমে, ৮,০০,০০০ টাকা, ১০,০০,০০০ টাকা ও ১২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে। অর্জিত মুনাফা বিধি মোতাবেক সঞ্চিত তহবিলে রেখে অবশিষ্ট টাকা নিজের মধ্যে বণ্টন করে নেয়। তারা নিজেদের আবাসন সমাধানের জন্য বসুন্ধরায় এককালীন ৯,০০,০০০ টাকা প্রদান করে কিস্তিতে একটি প্লট কেনার সিদ্ধান্ত নেয়।

ক. PPP কী? ১

খ. রাষ্ট্র ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলে কেন? ব্যাখ্যা করো। ২

গ. প্রকৃতি বিচারে উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায় সমিতি? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সঞ্চিতি তহবিলে হতে আবাসন সমস্যা সমাধান সম্ভব? উদ্দীপক বিবেচনায় যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৬. জনাব কাশেম একজন স্বনামধন্য লেখক। সম্পতি তার লেখা নিবন্ধিত একটি বই বাজারে পাঠকদের মাঝে বেশ জনপ্রিয়তা পেয়েছে। বইয়ের ঘাটতি দেখে মি. আলম তার প্রকাশনা থেকে জনাব কাশেমকে না জানিয়ে বইটি পুনঃপ্রকাশ করে বাজারে ছাড়েন। এতে তিনি ক্ষতিগ্রস্ত হন এবং মি. আলমের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

ক. BIMSTEC কী? ১

খ. EU কেন গঠন করা হয়েছেল? ব্যাখ্যা করো। ২

গ. মি. আলম বাংলাদেশে প্রচলিত কোন ব্যবসায়িক আইন লঙ্ঘন করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব কাশেম কি দেওয়ানি আইনের মাধ্যমে ক্ষতিপূরণ পাবেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন করো। ৪

http://teachingbd.com

৭. জাহানারা যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ শেষে ২৫,০০০ টাকা ঋণ নিয়ে একটি নার্সারি করেন। এখানে উন্নত মানের ও উচ্চফলনশীল বিভিন্ন ধরনের ফলদ ও বনজ চারাগাছ উৎপাদন করা হয়। বিভিন্ন স্থান থেকে লোকজন এসে তার নার্সারি থেকে চারা কিনে নেয়। এতে আর্থিকভাবে তিনি লাভবান হন। ধীরে ধীরে নার্সারির পরিধি বড় হচ্ছে। তার নার্সারিতে কাজ করে প্রায় ৭(সাত) জন বেকার নারী।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. ব্যবসায় উদ্যোগ গ্রহণে আত্মবিশ্লেষণ কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ২

গ. জাহানার তার কর্মকাণ্ডে কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো যে, জাহানারা একজন সফল নারী উদ্যোক্তা? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৮. মনোয়ারা ঢাকা EPZ-এর একটি কারখানায় কাজ করে। মনোয়ারার গ্রামে ব্যাংক ও পোস্ট অফিস না থাকায় বাড়িতে বেতনের টাকা পাঠানো কষ্ট হয়ে পড়ে। অথচ তার সহকর্মী সুমি মনোয়ারার EPZ-এর পাশের একটি ব্যাংকের অনুমোদিত বুথ থেকে কার্ডের মাধ্যমে মুহূর্তে তার একাউন্ট থেকে বেতনের টাকা তুলতে পারে। সম্প্রতি মনোয়ারার গ্রামটি মোবাইল নেটওয়ার্কের আওতায় এসেছে। এতে মনোয়ারা তার সমস্যা সমাধানে আশাবাদী।

ক. ই-কমার্স কী? ১

খ. ব্যবসায়ের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ পদ্ধতির গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. সুমির ব্যবহৃত কার্ডটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো মনোয়ারার গ্রামে সম্প্রসারিত মোবাইল নেটওয়ার্কের সাহায্যে তার সমস্যার সমাধার সম্ভব? যুক্তিসহ মতামত দাও। ৪

৯. জনাব বেলালের দত্তপাড়া বাজারে একটি চালের আড়ত আছে। তিনি ন্যায্যমূল্যে ও সঠিক ওজনে চাল বিক্রয় করে থাকেন। পক্ষান্তরে জনাব শামীম দত্তপাড়া বাজারের আরেক ব্যবসায়ী। তিনি অধিক লাভের আশায় চালের সাথে সাদা পাথরের কণা মিশিয়ে ক্রেতাদের নিকট চাল বিক্রি করেন। কয়েক মাস ব্যবসায়টি ভালো চললেও পরবর্তীতে তার বিক্রয়ের পরিমাণ কমতে থাকে।

ক. ব্যবসায়ের মূল্যবোধ কী? ১

খ. পলিথিনের ব্যবহার পরিবেশকে কীভাবে ক্ষতিগ্রস্ত করে? ২

গ. উদ্দীপকে জনাব বেলাল সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় নৈতিকতার মানদণ্ডে জনাব শামীমের কর্মকাণ্ডটি মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট **বহুনির্বাচনি** পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ৪০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বর্তমানে আমাদের দেশে কত সালের পেটেন্ট ও ডিজাইন আইন চালু আছে?
ক ১৯০৯ খ ১৯১১
গ ১৯১৭ ঘ ১৯২১

২. বিএসটিআই কোন মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা?
ক অর্থ খ শিল্প
গ সংস্থাপন ঘ আইন

৩. সাধারণ অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্যসংখ্যা কত?
ক ৭ জন খ ১০ জন
গ ২০ জন ঘ ৫০ জন

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
ফয়সাল, সামিন ও তারেক অংশীদারি ব্যবসায়ের সাথে জড়িত। ফয়সাল ও সামিন ব্যবসায় পরিচালনায় সক্রিয়।

৪. তারেক কোন ধরনের অংশীদার?
ক সীমিত দায় অংশীদার খ নামমাত্র অংশীদার
গ সক্রিয় অংশীদার ঘ প্রতিবন্ধ অংশীদার

৫. তারেকের দায় কোন প্রকৃতির?
ক অসীম খ সীমিত
গ দায়হীন ঘ মুনাফার সমান

৬. বাংলাদেশ গার্মেন্টস শিল্প ব্যাপকভাবে গড়ে উঠার কারণ হলো—
i. সস্তা জনশক্তি ii. ব্যবসায়ীদের দক্ষতা
iii. মূলধনের প্রাচুর্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৭. ব্যবসায়ের মাধ্যমে যা করা হয় তা হলো—
i. জীবনযাত্রার মান উন্নত করা
ii. কুসংস্কার দূর হয়
iii. আর্থিক সচ্ছলতা নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
যমুনা তীরের ৮০ জন তাঁতি উপযুক্ত মূল্যের আশায় একত্রিত হয়ে কাপড় উৎপাদন করেন এবং ঢাকায় ইসলামপুরে বিক্রয় করেন। চলতি বছর তাদের ২,০০,০০০ টাকা মুনাফা হয়।

৮. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়ের নাম কী?
ক অংশীদারি ব্যবসায় খ সমবায় সমিতি
গ যৌথ মূলধনী ব্যবসায় ঘ ব্যবসায় জোট

৯. উদ্দীপকে এরূপ সমিতি গঠনের ফলে তাঁতিরা যে সুবিধা পাবে তা হলো—
i. ন্যায্যমূল্যে পণ্য ভোগ
ii. পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তি
iii. সমবায়ের সুবিধা ভোগ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

১০. চেকের আধুনিক বিকল্প কোনটি?
ক ই-ব্যাংকিং খ ই-মেইল
গ এটিএম কার্ড ঘ ই-গভর্নেন্স

১১. সর্বাপেক্ষা ব্যবসায় সংগঠন কোনটি?
ক একমালিকানা ব্যবসায় খ অংশীদারি সংগঠন
গ সমবায় সংগঠন ঘ কোম্পানি সংগঠন

১২. নিচের কোনটি অর্থনৈতিক পরিবেশের উপাদান?
ক প্রাকৃতিক গ্যাস খ উন্নত প্রযুক্তি
গ রাজনৈতিক স্থিতিশীলতা
ঘ সঞ্চয় ও বিনিয়োগ

১৩. সমুদ্র হতে ঝিনুক সংগ্রহ কোন শিল্পের অন্তর্ভুক্ত?
ক প্রজনন খ কৃষি
গ নিষ্কাশন ঘ প্রক্রিয়াজাত

১৪. SME ফাউন্ডেশন যেভাবে আর্থ-সামাজিক ক্ষেত্রে অবদান রাখে তা হলো—
i. বেকার সমস্যার সমাধান
ii. উন্নত প্রযুক্তির ব্যবহারের সহায়তা
iii. প্রতিনিধিত্বমূলক কাজ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাহিলের ঢাকায় নিজ জমি থাকার পরও কুমিল্লায় এসে সবজি চাষের জন্য উপযুক্ত জমি লিজ নিয়ে টমেটো চাষ শুরু করেন এবং পর্যায়িতকরণের মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে টমেটো সরবরাহ করেন।

১৫. উদ্দীপকে বর্ণিত মি. রাহিলের ব্যবসায়টি কোন প্রকৃতির?
ক শিল্প খ বাণিজ্য
গ শিল্প ও বাণিজ্য ঘ বাণিজ্য ও সেবা

১৬. মি. রাহিলের কুমিল্লায় টমেটো চাষে কোন পরিবেশ উদ্বুদ্ধ করেছে?
ক প্রাকৃতিক খ সামাজিক
গ অর্থনৈতিক ঘ প্রযুক্তিগত

১৭. ISO-এর মান নিয়ন্ত্রণের ক্ষেত্র হলো—
i. ভোগ্যপণ্যের পুষ্টিমান
ii. কাঁচামাল মিশ্রণের অনুপাত
iii. সরবরাহকারীদের সাথে সম্পর্ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
বনলতা ব্যাংকিং গ্রাহকদের নতুন নতুন ব্যাংকিং সেবা পরিবেশনে যত্নশীল। ফলে গ্রাহকগণ ব্যাংকের যেকোনো শাখায় টাকা জমাদান এবং টাকা উত্তোলন করতে পারেন।

১৮. উদ্দীপকে বর্ণিত ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবাকে কী বলে?
ক হোম ব্যাংকিং খ মোবাইল ব্যাংকিং
গ ই-ব্যাংকিং ঘ স্যাটেলাইট ব্যাংকিং

১৯. কে অংশীদার হওয়ার যোগ্য?
ক সরকারি কর্মকর্তা খ রাষ্ট্রপতি
গ গৃহিণী ঘ বিদেশি নাগরিক

**উদ্দীপকটি পড়ো এবং ২০ নং প্রশ্নের উত্তর দাও।**
সুমন, সোহাগ, সৈকতসহ আরও ১৭ জন শুধু চুক্তিবদ্ধ হয়ে একতা পোল্ট্রি ফার্ম প্রতিষ্ঠা করেন।

TeachingBD.com
http://teachingbd.com

২০. উদ্দীপকে বর্ণিত একতা পোল্ট্রি ফার্মটি কোন ধরনের ব্যবসায় সংগঠন?
ⓚ অংশীদারি ⓚ সমবায়
ⓖ প্রাইভেট লিমিটেড ⓖ পাবলিক লিমিটেড

২১. জনসংখ্যা কোন পরিবেশের উপাদান?
ⓚ সামাজিক ⓚ অর্থনৈতিক
ⓖ রাজনৈতিক ⓖ প্রাকৃতিক

২২. কত সালের আইন দ্বারা সমবায় সমিতি গঠিত হয়?
ⓚ ১৯১৩ ⓚ ১৯৩২
ⓖ ১৯৪৪ ⓖ ২০০১

২৩. রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল্য উদ্দেশ্য কী?
ⓚ জনকল্যাণ সাধন ⓚ অর্থবাজার নিয়ন্ত্রণ
ⓖ ভারী শিল্প প্রতিষ্ঠা ⓖ মুনাফা অর্জন

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব আলম গ্রাম থেকে শাকসবজি কিনে শহরে বিক্রি করেন। তিনি শাকসবজিতে কখনো রাসায়নিক উপকরণ ব্যবহার করেন না এবং ব্যবহৃত শাকসবজি কিনেনা না।

২৪. উদ্দীপকে বর্ণিত জনাব আলমের ব্যবসায়টি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ⓚ কালগত ⓚ স্থানগত
ⓖ রূপগত ⓖ অর্থগত

২৫. উদ্দীপকে বর্ণিত জনাব আলমের শাকসবজিতে রাসায়নিক উপকরণ ব্যবহার হতে বিরত থাকার কারণ কী?
ⓚ ব্যয় হ্রাস ⓚ ব্যবসায় মূল্যবোধ
ⓖ অধিক মুনাফা ⓖ মূল্যের আধিক্য

২৬. কোম্পানির নিরীক্ষিত হিসাব বিবরণী কার নিকট দাখিল করা বাধ্যতামূলক?
ⓚ পরিচালকগণ ⓚ অর্থ মন্ত্রণালয়
ⓖ নিবন্ধক ⓖ ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**
সুরমা নদীর পাড়ের জেলেরা ব্যক্তিগতভাবে নদীতে মাছ ধরে এবং স্থানীয় আড়তদারদের নিকট বিক্রি করে। কিন্তু এতে তারা ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হয়।

২৭. জেলেরা কোন ধরনের সমবায় গঠন করে ন্যায্যমূল্য পেতে পারে?
ⓚ ক্রয় ⓚ বিক্রয় ⓖ ভোক্তা ⓖ বহুমুখী

২৮. উদ্দীপকে বর্ণিত জেলেরা তাদের সমিতি থেকে যে সুবিধা পেতে পারেন তা হলো—
i. জীবনযাত্রার মানোন্নয়ন
ii. সঞ্চয় বৃদ্ধি
iii. ভোগ ব্যয় বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৯. রাষ্ট্রীয় ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র কোনটি?
ⓚ ক্ষুদ্র শিল্প
ⓚ তৈরি পোশাক শিল্প
ⓖ জনস্বার্থ সম্পৃক্ত প্রতিষ্ঠান
ⓖ লাভজনক বিনিয়োগ ক্ষেত্র

৩০. ASEAN-এর বর্তমান সদস্য সংখ্যা কত?
ⓚ ৭ ⓚ ১০
ⓖ ২৩ ⓖ ২৭

৩১. কোনটি না পেলে প্রাইভেট লি. কোম্পানি ব্যবসায় কার্যক্রম শুরু করতে পারে না?
ⓚ নিবন্ধনপত্র ⓚ কার্যারম্ভের অনুমতিপত্র
ⓖ প্রত্যয়নপত্র ⓖ বিবরণপত্র

৩২. কোম্পানি সংগঠনের মূল দলিল কোনটি?
ⓚ বিবরণপত্র ⓚ স্মারকলিপি
ⓖ নিবন্ধনপত্র ⓖ পরিমেল নিয়মাবলি

৩৩. সমবায় সমিতির সুবিধা হলো—
i. স্বল্পমূল্যে পণ্যসামগ্রী উৎপাদন ও বণ্টন
ii. আর্থিক বৈষম্য হ্রাস
iii. ব্যয় সংকোচন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও ii

৩৪. প্রাইভেট লিমিটেড কোম্পানিতে ন্যূনতম কতজন পরিচালক থাকতে হয়?
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৬ ⓖ ৭

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।**
সম্প্রতি এমবিএ পাস করে নাহিদ শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সহায়তাকারী প্রতিষ্ঠান থেকে প্লাস্টিক সামগ্রী প্রস্তুতের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি চট্টগ্রামে প্লাস্টিক সামগ্রী প্রস্তুতের কারখানা গড়ে তোলেন।

৩৫. উদ্দীপকে নাহিদ কোন প্রতিষ্ঠান থেকে সহায়তা গ্রহণ করেছেন?
ⓚ বিডিবিএল ⓚ বিসিক
ⓖ ইপসিক ⓖ বাণিজ্যিক ব্যাংক

৩৬. উদ্দীপকে প্রতিষ্ঠানটি নাহিদকে কোন ধরনের সহায়তা প্রদান করেছে?
ⓚ উদ্দীপনামূলক ⓚ সংরক্ষণমূলক
ⓖ সমর্থনমূলক ⓖ অর্থসংস্থানমূলক

৩৭. অংশীদারি চুক্তি লিখিত হওয়া বাঞ্ছনীয় কারণ—
i. একটি স্থায়ী দলিল হিসেবে ব্যবহৃত হয়
ii. এর আইনগত মর্যাদা রয়েছে
iii. পরিচালনায় সুবিধা হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব মাহি একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। বাজারে সুনাম থাকায় তিনি শেয়ার বিক্রির মাধ্যমে অধিক মূলধনী ব্যবসায় করার উদ্যোগ গ্রহণ করেন এবং শেয়ার বিক্রয় করেন।

৩৮. উদ্দীপকে জনাব মাহির ব্যবসায়টি প্রথমে কী ছিল?
ⓚ একমালিকানা ⓚ অংশীদারি
ⓖ যৌথ মূলধনী কোম্পানি ⓖ সমবায় সমিতি

৩৯. পরবর্তীতে অধিক মূলধনী ব্যবসায়টি কী ছিল?
ⓚ অংশীদারি ব্যবসায় ⓚ সমবায় ব্যবসায়
ⓖ যৌথ মূলধনী ব্যবসায় ⓖ কারবারি জোট

৪০. দায়িত্বের দিক থেকে কোন ব্যবসায় সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ?
ⓚ পাবলিক লি. ⓚ একমালিকানা
ⓖ সমবায় ⓖ প্রাইভেট লি.

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | খ |

http://teachingbd.com